বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০
ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)ধাতব মুদ্রা/২০১৮-২০১৯/ ৭৬৮ তারিখঃ ১২-১২-২০১৮

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫ অনুসারে ধাতব মুদ্রা সংরক্ষণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) হতে জারীকৃত ০৪-১২-২০১৮ তারিখের সূত্র নং-ইহিশাঃ১১৪/২০১৮-৪৫৭১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের ১২-১১-২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার লেটার নং-১২/২০১৫ এর নির্দেশনা মোতাবেক জনসাধারণের স্বাভাবিক লেনদেনের স্বার্থে প্রতিটি শাখায় ১, ২ এবং ৫ টাকা মূল্যমান ধাতব মুদ্রার প্রতিটির ন্যূনতম ১০,০০০ পিস করে সংরক্ষণ করতে হবে ; তবে স্থানীয় কার্যালয় ও বড় শাখাকে বর্ণিত সংখ্যার তিনগুন অর্থাৎ প্রতিটি মুল্যমানের ৩০,০০০ পিস করে ধাতব মুদ্রা সংরক্ষণ করতে হবে ; মর্মে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা প্রদান করেন (কপি সংযুক্ত)।

০৩। বাংলাদেশ ব্যাংকের ১৪-০১-২০১৩ তারিখের পরিপত্র নং-ইহিশাঃ২৩(পলিসি)/২০১৩-১৫, ০৭-০৯-২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার লেটার নং-০৮/২০১৫, ১২-১১-২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার লেটার নং-১২/২০১৫ এবং ২১-০৭-২০১৪ এর নির্দেশনা মোতাবেক মাঠ পর্যায়ের সকল শাখা/কার্যালয় কর্তৃক ধাতব মুদ্রা সংরক্ষণের পাশাপাশি গ্রাহকদের নিকট হতে মুল্যমানের নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহন, ছেঁড়া-ফাটা নোটের বিনিময়মূল্য প্রদান করার জন্য গত ০১-১০-২০১৫ তারিখের পত্র নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৫-২০১৬/৩৪৭(১২৫০) ও ১৩-০১-২০১৬ তারিখের পত্র নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৫-২০১৬/৭৫০ (১২৫০) এবং নং-প্রকা/শানিব্যউবি-১(৩)/২০১৬-২০১৭/১২৫১(১২৫০) তারিখঃ ১১-০৪-২০১৭ মুলে অত্র বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। আলোচ্য বিষয়ে উপরোক্ত নির্দেশনা দেয়া সত্ত্বেও বাংলাদেশ ব্যাংকের ডিসিএম সার্কুলার নং-১১৪/২০১৮-৪৫৭৯ তারিখ ০৪-১২-২০১৮ মোতাবেক জানানো হয়েছে যে, নিদের্শনা মোতাবেক ধাতব মুদ্রা সংরক্ষণ করা হচ্ছে না। ধাতব মুদ্রা সংরক্ষণ না করার কারণ ব্যাখ্যাসহ আগামী ১৫-১২-২০১৮ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে জবাব প্রেরণের নির্দেশ দিয়েছেন।

০৪। এমতাবস্থায়, সকল বিভাগীয় কার্যালয় তাঁর অধীনস্থ সকল শাখাকে বাংলাদেশ ব্যাংকের উক্ত নির্দেশনা মোতাবেক ধাতব মুদ্রা সংরক্ষণ করার প্রয়োজনীয় নির্দেশনা এবং ধাতব মুদ্রা সংরক্ষণ না করার কারণ ফিরতি ই-মেইলে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ০২(দুই) পাতা।

স্বাক্ষরিত
(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
(ভ্রমনে আছেন)

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩) ধাতব মুদ্রা/২০১৮-২০১৯/ ৭৬৮(১২৫০)
তারিখঃ ১২-১২-২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১,২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৯। নথি/মহানথি।

(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

F:Khalafot/Circular

৫০১১৮

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট
(ইস্যু হিসাব শাখা)

সূত্র নং- ইহিশাঃ ১১৪/২০১৮- ৪৫৭৭

তারিখঃ৪/১২/২০১৮

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
নং-
ডিজিএম..
স্টাফ অফিসার
মহাব্যবস্থাপক

প্রিয় মহোদয়,

ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫ অনুসারে ধাতব মুদ্রা সংরক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আপনার ব্যাংকের ৮১৩টি শাখার (সংযোজনী-১) ১, ২ এবং ৫ টাকার ধাতব মুদ্রার ৩০/০৬/২০১৮ তারিখভিত্তিক মোট স্থিতি ১০০০ বা তার নিচে ছিল যা ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫, তারিখ-১২/১১/২০১৫ এর ২ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনার ব্যত্যয়। এতদ্ব্যতীত, উল্লিখিত শাখাসমূহসহ আপনার ব্যাংকের মোট ১০২৯টি শাখা (সংযোজনী-২) ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫, তারিখ-১২/১১/২০১৫ এর ২ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসারে ন্যূনতম ধাতব মুদ্রার মোট স্থিতি সংরক্ষণে ব্যর্থ হয়েছে যা মোটেই কাম্য নয়।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, আপনাদেরকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হ'ল:

০৩.০১. বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা লংঘনকরত: সংযোজনী-১ এ উল্লিখিত শাখাসমূহ কর্তৃক ন্যূনতম ধাতব মুদ্রা সংরক্ষণ না করার কারণ আগামী ১৫/১২/২০১৮ তারিখের মধ্যে ব্যাখ্যাকরণ;

০৩.০২. ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫, তারিখ-১২/১১/২০১৫ এর ২ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসারে সংযোজনী-২ এ বর্ণিত শাখাসমূহকে ন্যূনতম ধাতব মুদ্রার স্থিতি অবিলম্বে নিশ্চিত করতে হবে এবং এর প্রামাণিক দলিল আগামী ১৫/১২/২০১৮ তারিখের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
নম্বর ... তারিখ ...
সহকারী মহাব্যবস্থাপক ঃ ১ / ২ / ৩
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(হাসান তারেক খাঁন)
যুগ্ম পরিচালক
ফোন: ৫৫৬৬৫০০১-৬/২০৮৭২;
০১৯১১৩৬৬৯১৪
email address: hasan.khan@bb.org.bd
fahmida.akhter@bb.org.bd

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট
(ইস্যু প্রশাসন শাখা)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

**Website : www.bb.org.bd**

ডিসিএম পরিপত্র নং- ১২/২০১৫

তারিখ ঃ ২৮ কার্তিক, ১৪২২ / ১২ নভেম্বর, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক গ্রাহকদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে**
**সকল প্রকার নোট গ্রহণ, ছেঁড়া-ফাটা নোটের বিনিময়মূল্য প্রদান এবং ধাতব মুদ্রা বিনিময় প্রসঙ্গে।**

শীর্ষোক্ত বিষয়ে অত্র বিভাগের ০৭/০৯/২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার নং-৮/২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত পরিপত্রে, জনসাধারণের স্বাভাবিক ও সুষ্ঠু লেনদেন অব্যাহত রাখার স্বার্থে তাঁদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহণ, বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান, ধাতব মুদ্রা গ্রহণ এবং বিতরণের বিষয়টি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু বিভিন্ন উৎস হতে জানা যাচ্ছে যে, তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক জনসাধারণের নিকট হতে ধাতব মুদ্রা গ্রহণ এবং অনেকক্ষেত্রে জনসাধারণের মাঝে ধাতব মুদ্রা বিতরণও করা হচ্ছে না। ফলে ধাতব মুদ্রা বিনিময়ে জনসাধারণ বিড়ম্বনার সম্মুখীন হচ্ছেন যা তাঁদের স্বাভাবিক অর্থনৈতিক লেনদেনে বিঘ্ন সৃষ্টি করছে। এ অবস্থায় নিরসনকল্পে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালনের জন্য পরামর্শ প্রদান করা হলো ঃ

১. তফসিলী ব্যাংকের শাখাগুলো তাদের গ্রাহকদের নিকট হতে ১, ২ এবং ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা এবং কাগজে নোট গ্রহণ করবে;

২. জনসাধারণের স্বাভাবিক লেনদেনের স্বার্থে প্রতিটি শাখায় ১, ২ এবং ৫ টাকা মূল্যমান ধাতব মুদ্রার প্রতিটির ন্যূনতম ১০,০০০ পিস করে সংরক্ষণ করতে হবে; তবে স্থানীয় কার্যালয় ও অন্যান্য বড় শাখাকে বর্ণিত সংখ্যার তিনগুণ অর্থাৎ প্রতিটি মূল্যমানের ৩০,০০০ পিস করে ধাতব মুদ্রা সংরক্ষণ করতে হবে;

৩. সংশ্লিষ্ট ব্যাংক তাদের জন্য নির্ধারিত (২নং ক্রমিকে বর্ণিত) পরিমাণের অতিরিক্ত ধাতব মুদ্রা বাংলাদেশ ব্যাংকে জমা দিতে পারবে। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংককে নিশ্চিত হতে হবে যে, তাদের সকল শাখায় তাদের জন্য নির্ধারিত পরিমাণ ধাতব মুদ্রা সংরক্ষিত আছে; এবং

৪. বাংলাদেশ ব্যাংকে ধাতব মুদ্রা জমাদানের প্রয়োজন হলে ব্যাংক শাখাগুলো শক্ত মোটা কাপড়ের ব্যাগ/থলে ব্যবহার করবে। প্রতিটি ব্যাগ/থলেতে মূল্যমান নির্বিশেষে ১,০০০ পিস করে ধাতব মুদ্রা রেখে ব্যাগ/থলের মুখ সিলগালা করে অথবা সিকিউরিটি ট্যাগ দ্বারা বন্ধ করে বাংলাদেশ ব্যাংকে জমা প্রদান করতে হবে। একই ব্যাগ/থলেতে একাধিক মূল্যমানের ধাতব মুদ্রা রাখা যাবে না। ব্যাংকের নিজস্ব স্লিপ পূরণ করে তা আঠার সাহায্যে ব্যাগের গায়ে লাগিয়ে দিতে হবে।

এ নির্দেশনা লঙ্ঘিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে প্রচলিত বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ প্রসঙ্গে ইস্যুকৃত অত্র বিভাগের ০৭/০৯/২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার নং-৮/২০১৫ এর অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মাসিরুজ্জামান)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১৯০